# উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার হাজিরা সীট

স্থান: উপজেলা পরিষদ সভাকক্ষ, বোচাগঞ্জ, দিনাজপুর, সময়: ১১.০০ মিনিট, তারিখ: ১৮/১১/২০২৪ খ্রি:

| ক্র:নং | কর্মকর্তাদের নাম ও পদবী | কমিটির পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | মো: মারুফ হাসান, প্রশাসক,<br>উপজেলা পরিষদ, | সভাপতি | |
| ২ | উৎপল রায় বুলু, চেয়ারম্যান,<br>২নং ইশানিয়া ইউনিয়ন পরিষদ | সদস্য | Utpal Roy Bulu<br>Chairman<br>2No. Ishania Union Parishad<br>Bochagonj, Dinajpur. |
| ৩ | মো: বিটু, চেয়ারম্যান,<br>৪ নং আটগাও ইউনিয়ন পরিষদ, | সদস্য | |
| ৪ | নিমাই চন্দ্র দেব শর্মা , চেয়ারম্যান,<br>৬ নং রনগাও ইউনিয়ন পরিষদ | সদস্য | |
| ৫ | মোঃ সাইফুজ্জামান জাহিদ<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>বোচাগঞ্জ, দিনাজপুর | সদস্য সচিব | (মোঃ সাইফুজ্জামান জাহিদ)<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা<br>বোচাগঞ্জ, দিনাজপুর। |

CamScanner

## উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটির সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব মোঃ মারুফ হাসান, প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ,দিনাজপুর
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ, বোচাগঞ্জ,দিনাজপুর
তারিখ : ১৮/১১/২০২৪ খ্রি:
সময় : সকাল ১১.০০ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর কমিটির সদস্য সচিব কর্তৃক বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয় । কোন সংশোধনী না থাকায় তা সর্ব সম্মতিক্রমে বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করা হয় । অতঃপর সভায় নিম্নরূপ আলোচ্যসুচি ভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্রঃ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | বিভিন্ন ধরনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ আয়োজন:<br>পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, গ্রামীন জনগোষ্ঠীর বিকল্প কর্ম সংস্থান সৃষ্ঠির জন্য তাদের দক্ষতার উন্নয়ন করার প্রয়োজন। এই বিষয়ে প্রশাসক ও ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আর্কন করেন। গ্রামীন জনগোষ্ঠীর দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ বিষয়ে সকলে বিস্তারিত আলোচনা করেন এবং আগামীতে উপজেলার এডিপি,ইউজিডিপি এবং ইউনিয়ন পরিষদের এলজিএসপি প্রজেক্টের মাধ্যমে পল্লী উন্নয়ন ও সমবায় সেক্টরের সদস্যদের জন্য বিভিন্ন বিষয় ভিত্তিক দক্ষতা উন্নয়ন প্রকল্প গ্রহনের জন্য যোগাযোগ করা এবং প্রয়োজনীয় সহযোগিত প্রদানের চেষ্টা করা হবে।<br>এ প্রসংগে প্রশাসক বলেন, যে এসব প্রশিক্ষনের মাধ্যমে দক্ষতা উন্নয়নের পাশাপশি অনেক মানুষের কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা যাবে। তাই তিনি সকল সদস্যকে সরকারি বেসরকারি পর্যায়ে যোগোযোগ ও সমন্বয় করার জন্য পরামর্শ প্রদান করেন। | এডিপি,ইউজিডিপি এবং ইউনিয়ন পরিষদের এলজিএসপি প্রজেক্টের মাধ্যমে দক্ষতা উন্নয়ন প্রশিক্ষনের জন্য যোগাযোগ করা হবে। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটিবোচাগঞ্জ, দিনাজপুর |
| ০২ | গবাদী পশুর মোটাতাজাকরন বিষয়ে মনিটরিং ও তদারকী জোরদারকরণ :<br>প্রশাসক বলেন যে, অত্র উপজেলায় পল্লী সেক্টরের অনেক মানুষ গবাদী পশু মোটাতাজাকরনের সাথে সম্পৃক্ত এবং এর হার পর্যায়ক্রমে বৃদ্ধি পাচ্ছে। এ ক্ষেত্রে অনেক খামারী ও কৃষকগন গবাদী পশু মোটাতাজাকরনের জন্য ট্যাবলেট ও ইনজেকশন ব্যবহার করে যাহা স্বাস্থেরও জন্য খুবই ক্ষতিকর। তাই উক্ত বিষয়ে জনপ্রতিনিধিসহ মাঠ পর্যায়ে প্রাণি সম্পদ অফিসের মনিটরিং ও তদারকী জোরদার করা প্রয়োজন। উপস্থিত সকল সদস্য বিস্তারিত আলোচনা করেন এবং মাঠ পর্যায়ে তদারকি জোরদার করা এবং প্রাণি সম্পদ অফিসের সাথে সমন্বয় জোড়দার করে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহনের সিদ্ধান্ত গৃহিত হয়। | জনপ্রতিনিধিসহ মাঠ পর্যায়ে প্রাণি সম্পদ অফিসের মনিটরিং ও তদারকী জোরদর করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি বোচাগঞ্জ, দিনাজপুর |
| ০৩ | নিয়মিত সভার আয়োজন ও উপস্থিতি নিশ্চিতকরণ:<br>কমিটির সভাপতি বলেন যে, উক্ত কমিটির সভা নিয়মিতভাবে আয়োজন বিষয়ে সদস্য সচিব কার্যকরী উদ্যোগ গ্রহন করা এবং সকল সদস্য কে নিয়মিত সভায় উপস্থিত থাকার জন্য আহ্বান জানান। তাছাড়া বিধি মোতাবেক সভার কার্যবিবরনী সকল সদস্যকে নিয়মিতভাবে পৌছানোর জন্য সদস্য সচিবকে পরামর্শ প্রদান করেন। | নিয়মিত সভা করা ও সভার কার্য বিবরনী সকলের নিকট প্রেরণ করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি বোচাগঞ্জ, দিনাজপুর |
| ০৪ | বিবিধে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষনা করে | - | সভাপতি |

১৮/১১/২৪

( মোঃ মারুফ হাসান)
প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ,দিনাজপুর
ও
সভাপতি
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
বোচাগঞ্জ, দিনাজপুর।

স্মারক নং- ৪৭.৬২.২৭২১.০০১.০০.০১১.২২. ৮৯১(২)　　　　তারিখঃ ১৮ / ১১ /২০২৪ খ্রিঃ।

অনুলিপি ( সভার কার্যবিবরণী) সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো :

১। প্রশাসক, উপজেলা পরিষদ, বোচাগঞ্জ,দিনাজপুর
২। চেয়ারম্যান,৪ নং আটগাও ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর
৩। চেয়ারম্যান, ২ নং ঈশানিয়া ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর
৪। চেয়ারম্যান, ৬ নং রনগাও ইউনিয়ন পরিষদ,বোচাগঞ্জ,দিনাজপুর
৫। ইউডিএফ-ইউজিডিপি, বোচাগঞ্জ,দিনাজপুর
৬। অফিস কপি ।

১৮/১১/২৪

( মোঃ সাইফুজ্জামান জাহিদ)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বোচাগঞ্জ,দিনাজপুর

ও

সদস্য সচিব
উপজেলা পল্লী উন্নয়ন ও সমবায় বিষয়ক কমিটি